দৈনিক
ইত্তেফাক

তারিখ 13 NOV 2016
পৃষ্ঠা ১৫

# চৌগাছার জিসিবি আদর্শ কলেজ ১৪ বছরেও এমপিওভুক্ত হয়নি

■ আবু জাফর, চৌগাছা (যশোর) সংবাদদাতা

যশোরের চৌগাছার জি.সি.বি. আদর্শ কলেজ প্রতিষ্ঠার ১৪ বছর অতিবাহিত হলেও কলেজটি আজও এমপিওভুক্ত হয়নি। ফলে হতাশ হয়ে পড়েছেন ওই কলেজে অধ্যয়নরত শিক্ষার্থী ও কর্মরত শিক্ষক-কর্মচারীরা।

জানা গেছে, ২০০৩ সালে স্থানীয় জনপ্রতিনিধি ও শিক্ষানুরাগী ব্যক্তিদের সার্বিক সহযোগিতায় স্থানীয় সাংবাদিক আবু জাফর কলেজটি প্রতিষ্ঠা করেন। একই সালে যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কলেজটিতে ছাত্র-ছাত্রী ভর্তিসহ প্রাথমিক পাঠদানের অনুমতি দেয়। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের ১৯/০২/০৬ তারিখ এক পত্রে ০১/০১/০৬ তারিখ থেকে কলেজটি একাডেমিক স্বীকৃতি পায়। বর্তমানে কলেজটিতে ২৪ জন শিক্ষক-কর্মচারী কোনো বেতন ছাড়া আড়াই শতাধিক ছাত্র-ছাত্রীর পাঠদান করছেন। কলেজটি প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে গ্রামীণ এ জনপদে ছাত্র-ছাত্রীদের উচ্চ শিক্ষার ক্ষেত্রে যথেষ্ট ভূমিকা রাখছে। কলেজের অধ্যক্ষ আবু জাফর জানিয়েছেন, কলেজটি প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে শুধু পাবলিক পরীক্ষায় বোর্ড কর্তৃক নির্ধারিত ফি ছাড়া ভর্তি থেকে শুরু করে সকল ছাত্র-ছাত্রীদের ফ্রি পাঠদান করানো হয়। ভর্তি ফি কিংবা বেতন নিলে এলাকার ছাত্র-ছাত্রীরা অন্যত্র চলে যায়। ফলে বাধ্য হয়ে বিনা টাকায় ছাত্র-ছাত্রীদের পাঠদান করাতে হয়।

শিক্ষকদের সযত্ন পাঠদানের কারণে প্রতি বছর পাবলিক পরীক্ষায় শিক্ষার্থীদের জিপিএ-৫ অর্জনসহ ফলাফল বরাবরই সন্তোষজনক। এসময় অধ্যক্ষ আরো জানান, ২০১০ সালে অত্র কলেজ থেকে ১০০%, ২০১৫ সালে যশোর শিক্ষা বোর্ডে ফল বিপর্যয়ের পরও ৯৯%, ২০১৬ সালে ১০০% পাস করে। সরকারের সব নীতিমালা অনুসরণ করে এমপিওর জন্য আবেদন করেও কলেজটি এমপিওভুক্ত না হওয়ায় শিক্ষক-কর্মচারীরা আজ মানবেতর জীবনযাপন করছে। বার বার ভালো ফলাফল করেও কোনো প্রাপ্তি ঘটেনি বলে তিনি জানান। এছাড়া অর্থাভাবে কলেজটিতে অবকাঠামোর তেমন উন্নয়ন হয়নি। ফলে ভালো ছাত্র-ছাত্রীরা অন্যত্র চলে যাচ্ছে। কলেজটির শিক্ষক-কর্মচারী এবং এলাকার শিক্ষানুরাগী ও জনপ্রতিনিধিরা জনস্বার্থে শিক্ষাবান্ধব এই সরকারের কাছে কলেজটি আশু এমপিওভুক্তির দাবি জানিয়েছেন।

এ প্রসঙ্গে নারায়ণপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জয়নাল আবেদীন মুকুল বলেন, কলেজটি এমপিওভুক্ত হলে এলাকার গরিব ও সুবিধাবঞ্চিত শিক্ষার্থীরা উপকৃত হবে। কলেজটি এমপিওভুক্তির বিষয়টি আমি স্থানীয় সংসদ সদস্যকে অবগত করেছি।

এ ব্যাপারে স্থানীয় সংসদ সদস্য অ্যাডভোকেট মনিরুল ইসলাম (যশোর-২, চৌগাছা-ঝিকরগাছা) জানান, সরকার নীতিগতভাবে সিদ্ধান্ত নিয়েছে যেসকল শিক্ষাপ্রতিষ্ঠান সরকারি শর্ত পূরণ করবে সেসকল শিক্ষা প্রতিষ্ঠান শর্তপূরণ সাপেক্ষে পর্যায়ক্রমে এমপিওভুক্ত করা হবে। আশা করা যায়, বাংলাদেশের অন্যান্য প্রতিষ্ঠান যখন এমপিও হবে তখন জিসিবি আদর্শ কলেজটিও এমপিওভুক্ত করা হবে এবং কলেজটির অবকাঠামোরও উন্নয়ন করা হবে।